লিপি
শিলিগুড়ি, শনিবার, ৬ অক্টোবর, ২০১৮
Siliguri•Saturday•October 6, 2018
Arthik Lipi, Page 3

পুজোর আগে খুলছে না বাগরি মার্কেট, ধ্বংসস্তূপ সরানোর কাজ করবে পুরসভা

স্টাফ রিপোর্টার: ভয়াবহ অগ্নিকাণ্ডের জেরে বন্ধ রয়েছে বাগরি মার্কেট। সিইএসসি, দমকল, কলকতা পুলিশ সবকিছু খতিয়ে দেখেই বাগরি মার্কেট খোলার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে বলেই জানান মেয়র শোভন চট্টোপাধ্যায়।

শুক্রবার বাগরি মার্কেট নিয়ে বৈঠক হয় পুরসভাতে। এদিন মেয়র শোভন চট্টোপাধ্যায় একটি সাংবাদিক বৈঠকে জানান, বাগরি মার্কেটে ক্ষতিগ্রস্ত ধ্বংসস্তূপ সরানোর কাজ করবে পুরসভা। পরিষ্কার করার সঙ্গে সঙ্গে ক্ষতিগ্রস্থ অংশে সাপোর্ট লাগানো হবে। দোকান খোলার ব্যাপারে এখুনি কোনও তাড়াহুড়ো করা হবে না। আগে সবকিছু খতিয়ে দেখে তবেই সিদ্ধান্ত নেওয়া হবে।' তিনি আরও জানান, 'বাগরি মার্কেটে প্রায় ১০০০টি দোকানের মধ্যে ৮২১টির কোনও

ক্ষতি হয়নি। তবে সেগুলি খোলা যাবে কি না তা খতিয়ে দেখা হবে। এমনকি পুড়ে যাওয়া অংশে নিষেধাজ্ঞা জারি হয়েছে।' বাগরি মার্কেটের ব্যবসায়ী সমিতি সমস্ত তথ্য পাঠাচ্ছে রুরকি আইটিআইতে। সেই তথ্য পর্যালোচনা করে আর্কিটেকচারাল নকশা তৈরি করা হবে বলেও জানান শোভনবাবু। তিনি জানান, ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের বিমার বিষয়টিও দেখা হচ্ছে। ট্রেড লাইসেন্সের সঙ্গে বিমা একসঙ্গে করা যায় কি না সেই বিষয়টি দেখা হচ্ছে। ' এদিন বৈঠকে সিইএসসি, কলকাতা পুলিশ, দমকল, পুরসভা ছাড়াও বাগরি মার্কেটের ব্যাবসায়ী সমিতি উপস্থিত ছিল। সব বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয় এই বৈঠকে। ভয়াবহ বাগরি দুর্ঘটনা নিয়ে উত্তেজনা ছড়িয়েছে মানুষের মধ্যে। পুজোর আগে বড় ক্ষতির মুখেও পড়তে হয়েছে ওখানকার ব্যবসায়ীদের। তবে এখনি খুলছে না বাগরি মার্কেট। সবকিছু খতিয়ে দেখেই সিদ্ধান্ত নেওয়া হবে বলেই জানিয়েছেন মেয়র শোভন চট্টোপাধ্যায়।

শহরে আসা অন্ধ্রের মাছ নিরাপদ, আশ্বাস পুরসভার

স্টাফ রিপোর্টার: শহরে আসা অন্ধ্রের মাছ নিরাপদ। এমনটাই আশ্বাস জানিয়েছে কলকাতা পুরসভা। বৃহস্পতিবার পাতিপুকুর বাজার থেকে খাদ্য সুরক্ষা আধিকারিকরা অন্ধ্র থেকে আসা মাছের নমুনা সংগ্রহ করেন। তা পুরসভার পরীক্ষাগারে টেস্ট করা হয়। তবে তাতে ফরমালিন পাওয়া যায়নি বলেই শুক্রবার একটি সাংবাদিক বৈঠকে জানান মেয়র পারিষদ (স্বাস্থ্য) অতীন ঘোষ। তিনি জানান, 'খুব ভোরে পাতিপুকুর বাজার থেকে ৬টি নমুনা সংগ্রহ করা হয়ছিল। তা পরীক্ষা করা হয়। তবে তাতে ফরমালিন পাওয়া যায়নি।' প্রসঙ্গত, অন্যান্য অনেক রাজ্যে অন্ধ্রের মাছ নিষিদ্ধ করেছে। তাতে কলকাতাবাসীর মধ্যেও একটি আশঙ্কা তৈরি হয়েছে। তাই পুরসভা অন্ধ্র থেকে আসা মাছে ফরমালিন আছে কি না তা খতিয়ে দেখতে বৃহস্পতিবার অভিযান করেন।

তবে তাতে মাছের নমুনায় ফরমালিন পাওয়া যায়নি বলেই জানান অতীনবাবু। তিনি জানান, 'এবছর প্রায় আরও ২২টি বাজার থেকে মাছের নমুনা সংগ্রহ করা হয়েছিল। ফরমালিন আছে কি না তা খতিয়ে দেখতে। তবে সেই নমুনাগুলির পরীক্ষাতেও ফরমালিন পাওয়া যায়নি।' তবে আরও নমুনা সংগ্রহ করা হবে বলেও জানান অতীনবাবু। তিনি আরও জানান, ফরমালিন পেলেই যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।'

ফরমালিন আছে কি না তা খতিয়ে দেখেতে পুরসভার পরীক্ষাগারই উপযুক্ত বলেই জানান অতীনবাবু। এদিকে, পুজো আসছে তাই খাবারের প্রতিও বাড়তি নজর চলছে পুরসভার। ইতিমধ্যে ফুটপাতের খাবারের নমুনা সংগ্রহ করা হচ্ছে বলেও জানান অতীনবাবু। অন্যদিকে, মাংসের নমুনা ও সংগ্রহ করা হয়েছে। তা পরীক্ষাও করা হয়ে গেছে বলেই জানান অতীনবাবু। তিনি আরও জানান, 'এবার পুজোতে সফট ড্রিংক্স ও প্যাকেজিং ড্রিঙ্কিং ওয়াটারের উপর বেশি করে নজর দেওয়া হচ্ছে। কারণ প্রচুর পুজো প্যান্ডেলে ও রাস্তার ধারে ফুড স্টলে প্যাকেজিং ড্রিঙ্কিং ওয়াটার ও সফট ড্রিঙ্কস বিক্রি হয়। তবে আমাদের সন্দেহ, এর মধ্যে কিছু নিরাপদ নয়। তাই শনিবার থেকে খাদ্য সুরক্ষা আধিকারিকরা শহরে পথের দোকান থেকে এর নমুনা সংগ্রহ করবে।

তবে এই নমুনা পরীক্ষায় যদি আশানুরূপ ফলাফল না হয় তা হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।'

মায়ের দুধে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে, মত বিশেষজ্ঞ চিকিৎসকদের

স্টাফ রিপোর্টার: সদ্যোজাত ও শিশুদের সেরা পুষ্টিকর খাবার মায়ের দুধ। জন্মের পর প্রথম কয়েক মাস শিশুর একমাত্র খাদ্য হওয়া উচিত মায়ের দুধ। জানালেন কলম্বিয়া এশিয়া হাসপাতালের কনসালটেন্ট গাইনিকোলজিস্ট ডা. মৌপিয়া চক্রবর্তী।

শিশুর জন্মের পর মায়ের প্রথম যে দুধ নিঃসৃত হয় সেই হালকা হলদে দুধের নাম কোলাস্ট্রাম। আগেকার দিনে অনেক সময়েই এই দুধ বাচ্চাকে দেওয়া হত না। কিন্তু ধারণা পাল্টেছে। গবেষণায় দেখা গেছে কোলাস্ট্রাম প্রোটিনে ভরপুর। শুধু তাই নয়, এই দুধে আছে বিভিন্ন ধরনের অ্যান্টিবডি যেগুলি সদ্যোজাতকে বিভিন্ন রোগ প্রতিরোধে সাহায্য করে। তাছাড়া বাজারের কৃত্রিম দুধের সঙ্গে মায়ের দুধের একটি মূলগত পার্থক্য আছে। জন্মের পর থেকে বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে শিশুর প্রয়োজন অনুসারে মায়ের দুধের উপাদান বদলে যায়। কৃত্রিম দুধে যেটি কখনওই সম্ভব নয়।

ব্রেস্টমিল্কে এই সব ছাড়াও ডেকোসাহেক্সোনোয়িক অ্যাসিড নামে একটি বিশেষ ধরনের উপাদান থাকে যেটি শিশুর বুদ্ধির বিকাশে অত্যন্ত প্রায়োজনীয়। মানুষের বিভিন্ন চিন্তাভাবনা ও বুদ্ধির প্রয়োগে মস্তিষ্কের বিকাশ ও সংযোগের নতুন পথ সৃষ্টির জন্যই দরকার এই রাসায়নিকটির। চিকিৎসা বিজ্ঞানের পরিভাষায় মস্তিষ্কের এই বিকাশের নাম নিউরোজেনেসিস।

দৃষ্টিশক্তির বিকাশের জন্যও উল্লেখযোগ্য ভূমিকা নেয় ব্রেস্টমিল্ক। রেটিনার গঠন ও দৃষ্টিশক্তি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ওমেগা-থ্রি ফ্যাটিঅ্যাসিড দুধই শিশুকে সরবরাহ করে।

পাঁচ বছরের কমবয়সী শিশু মৃত্যুর নিরিখে আমাদের দেশের স্থান একেবারে প্রথমসারিতে। এই শিশু মৃত্যু রোধ করতে ডায়েরিয়া ও অন্যান্য বহু অসুখ থেকে বাঁচতে শিশুর শরীরে রোগপ্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে পারে মায়ের দুধ। সেই জন্য শরীরে পুষ্টি ও শক্তি যোগাতে ও নীরোগ জীবন ও সুস্থ শরীর গড়তে শিশুকে একমাত্র মায়ের দুধ খাওয়ান উচিত।

তবে জন্মের পরে অনেক মা যেমন সন্তানকে দুধ খাওয়াতে চান না বা পারেন না, অন্যদিকে সন্তানও মায়ের দুধ টেনে খাবার কষ্ট স্বীকার করতে চায় না। এই বিষয়ে সাহায্য করতে বিদেশের মতো কলম্বিয়া এশিয়া হাসপাতালেও সদ্য মায়েদের বিশেষভাবে সাহায্য করা হয়। সদ্য মায়েদের এ বিষয়ে বিশেষভাবে প্রশিক্ষিত করেন হাসপাতালের ল্যাকটেশন নার্স সায়ন্তী নাগচৌধুরি। এই সব মায়েদের জানানো হয় স্তন্যপান শুধু শিশুর নয়, মায়েদের জন্যও ভাল। নিয়মিত স্তন্যপান করালে বাচ্চা হবার পর জরায়ু দ্রুত স্বাভাবিক হয়ে ওঠে।

বাংলা সমাজ সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় শ্যামনগর রবীন্দ্র ভবনে। এই অনুষ্ঠানে সম্মানিত করা হল বাচিক শিল্পী (গায়িকা) ইন্দ্রাণী ঘোষকে।

MCX
METAL & ENERGY
Trade with Trust

Multi Commodity Exchange of India Limited
Exchange Square, CTS No. 255, Suren Road, Chakala, Andheri (East), Mumbai – 400 093.
CIN: L51909MH2002PLC135594, E-mail: info@mcxindia.com, www.mcxindia.com

NOTICE

The Exchange had published a notice on page no. 11 of the Arthik Lipi dated August 02, 2018 inviting claims/complaints against **Indovision Commodities Limited** (Member of Multi Commodity Exchange of India Limited, Member ID – 35355, SEBI Registration no. INZ000052033) in view of the application for surrender of its membership.

NOTICE is hereby given that **Indovision Commodities Limited** has now withdrawn its application for surrender of membership.

In view of the above, **Indovision Commodities Limited** will continue to be the member of the Exchange.

For Multi Commodity Exchange of India Ltd.
Sd/-
Authorised Signatory – Membership

Place: Mumbai,
Date: October 04, 2018

পুজোয় আয়োজকদের ১০ হাজার করে অনুদান, স্থগিতাদেশ জারি করল কলকাতা হাইকোর্ট

স্টাফ রিপোর্টার: রাজ্যের ২৮ হাজার দুর্গাপুজোয় সরকারি অনুদানের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করল কলকাতা হাইকোর্ট। আগামী মঙ্গলবার পর্যন্ত এই স্থগিতাদেশ বহাল থাকবে। সেপ্টেম্বর মাসে পুজো আয়োজকদের সঙ্গে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে কলকাতা পুলিশ, দমকল এবং সিইএসই-র সমন্বয় বৈঠকে মুখ্যমন্ত্রী ওই অনুদানের কথা ঘোষণা করেছিলেন। ওই সময় মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, কলকাতার তিন হাজার এবং রাজ্যের ২৫ হাজার পুজোকে রাজ্য সরকারের তরফ ১০ হাজার টাকা করে অনুদান দেওয়া হবে। জনগণের করের টাকা সরকার এই ভাবে খরচ করতে পারে কিনা, সেই প্রশ্ন তুলে আদালতের দ্বারস্থ হয়েছিলেন আরএসপি-র শ্রমিক সংগঠন ইউটিইউসি-র সাধারণ সম্পাদক অশোক ঘোষ। ওই চিঠির ভিত্তিতেই মামলা গ্রহণ করার জন্য প্রধান বিচারপতিকে আবেদন জানিয়েছিলেন তিনি। সেই জনস্বার্থ মামলার শুনানিতে শুক্রবার প্রধান বিচারপতি দেবাশিস করগুপ্ত এবং বিচারপতি শম্পা সরকারের ডিভিশন বেঞ্চ ওই স্থগিতাদেশের নির্দেশ দেয়। প্রধান বিচারপতি রাজ্য সরকারের কাছে কয়েকটি প্রশ্নের জবাব চান। প্রথমত, জনগণের টাকা কোন পরিপ্রেক্ষিতে ব্যবহার করা হচ্ছে? ওই টাকা দেওয়ার কোনও গাইডলাইন আছে কি না? দ্বিতীয়ত, সব সম্প্রদায়ের মূল উৎসবে কি এই ভাবে টাকা দেওয়া হয়? তৃতীয়ত, ২৮ হাজারের বেশি পুজো হলে সেই পুজো কমিটিগুলোও কি টাকা পাবে? পুরো টাকা খরচ না হলে সেই টাকা কি পুজো কমিটি ফেরত দেবে? রাজ্যকে মঙ্গলবারের মধ্যে হলফনামার মাধ্যমে এই সমস্ত প্রশ্নের জবাব দিতে বলেন প্রধান বিচারপতি। মামলাকারীর পক্ষে আইনজীবী বিকাশ ভট্টাচার্য বলেন, ''ইতিমধ্যেই একডালিয়া-সহ একাধিক পুজো কমিটিকে ওই টাকা দেওয়া হয়ে গিয়েছে। সেটা জানতে পেরেই প্রধান বিচারপতি গোটা প্রক্রিয়া স্থগিত রাখতে বলেন।''

পি সি চন্দ্র গ্রুপের পক্ষ থেকে 'চিরনবীন' অনুষ্ঠানে শহরের গুণী মানুষেরা।

মানসিক স্বাস্থ্য প্রকল্প

স্টাফ রিপোর্টার: জ্বর-সর্দি কিংবা জীবাণু সংক্রমণ রুখতে প্রচার চলে। এবার সরকারি স্তরে মানসিক সমস্যা নিয়ে সচেতনতা বাড়ানোর কাজ শুরু হয়েছে। যার নাম দেওয়া হয়েছে 'জনমানসে'। এই প্রকল্পে শামিল করা হচ্ছে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের। স্বাস্থ্য দফতর জানিয়েছে, পর্যাপ্ত ক্লিনিকাল সাইকোলজিস্টের অভাব এবং পরিকাঠামোর সমস্যার জেরে বহুলাংশে মানসিক স্বাস্থ্য অবহেলিত হয়। তাই মানসিক স্বাস্থ্য নিয়ে প্রচারে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের হাতিয়ার করা হচ্ছে। প্রশিক্ষণ ও পরীক্ষার মাধ্যমে কয়েকজনকে নির্বাচন করে নির্দিষ্ট এলাকার দায়িত্ব দেওয়া হচ্ছে। কোচবিহার থেকে রাজারহাট কিংবা দমদমের বিভিন্ন এলাকায় মহিলারা বাড়ি বাড়ি গিয়ে সংসারের সমস্যা থেকে ছেলেমেয়ের পড়াশোনা-- খুঁটিনাটি নানা বিষয় নিয়েই গল্প করছেন। গল্পের মধ্যেই সমস্যা চিহ্নিত করছেন। বাসিন্দাদের মানসিক স্বাস্থ্য কেমন রয়েছে জেনে তথ্য ভাণ্ডার তৈরির কাজ করছেন তাঁরা। পাশাপাশি, মানসিক সমস্যায় চিকিৎসার প্রয়োজনীয়তা সম্পর্কেও বেঝাচ্ছেন। কার চিকিৎসা প্রয়োজন সেটা চিহ্নিতকরণের কাজ করছেন। পুরভবনে নির্দিষ্ট দিনে সরকারি সাইকোলজিস্ট উপস্থিত থাকছেন। সেখানে সমস্যা নিয়ে আলোচনা হচ্ছে। এই কাজের সঙ্গে যুক্ত এক অধিকর্তা জানান, মানসিক স্বাস্থ্যের চিকিৎসকের কাছে যাওয়া হচ্ছে, সেকথা জানালে জটিলতা বাড়তে পারে। তাই কখনও বলা হয়, বাচ্চাদের খিটখিটে মেজাজ নিয়ে আলোচনা হচ্ছে! আবার কখনও জানানো হয়, কাজ করতে কেন ইচ্ছে হয় না, তাই নিয়ে কথা হবে। স্বাস্থ্য দফতরেরর এক কর্তা জানান দেড় বছরের মধ্যে সব জেলায় কাজ শুরুর পরিকল্পনা চলছে। বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য সরকারি শংসাপত্রের ব্যবস্থা রয়েছে। পড়াশোনার থেকে যাতায়াত, অনেক ক্ষেত্রেই সুবিধা পাওয়া যায় তাতে। কিন্তু বহু রোগী এ সম্পর্কে অবগত নন। স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের সে নিয়েও প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

সিবিআইয়ের দফতরে সুদীপ

স্টাফ রিপোর্টার: সিবিআই দফতরে সুদীপ বন্দ্যোপাধ্যায়। রোজভ্যালি কাণ্ডে সুদীপ বন্দ্যোপাধ্যায়কে তলব করে সিবিআই। শুক্রবার সিবিআই দফতরে হাজিরা দিতে যান সুদীপ। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সিবিআই সূত্রে খবর, রোজভ্যালি থেকে টাকা নিয়ে তিনি কী করেছেন সে বিষয়েই তাঁকে প্রশ্ন করা হচ্ছে। এবং রোজভ্যালির বেশ কিছু তথ্য নিয়ে তাকে জেরা করা হচ্ছে।

এছাড়াও সিবিআইয়ের জেরার মুখে পড়লেন রাজ্যের দুই প্রাক্তন আমলা। এই দুই অফিসারকে দফায় দফায় জেরা করলেন সিবিআই আধিকারিকরা। কলকাতা ও দিল্লিতে এদের জেরা চলে। সিবিআইয়ের জেরার মুখে রাজ্যের প্রাক্তন অতিরিক্ত স্বরাষ্ট্র সচিব দীনবন্ধু ভট্টাচার্য এবং আইএএস তথা প্রাক্তন পর্যটন সচিব রাঘবেন্দ্র সিং। চিটফান্ড কেলেঙ্কারির তদন্তে এঁদের জেরা করা হয়েছে বলে জানা গিয়েছে। প্রাক্তন আমলা ও আইএএস অফিসারকে তলব করে সিবিআই। কলকাতার সিবিআই দফতরে বৃহস্পতিবার বেলা ১২টা নাগাদ হাজিরা দেন দীনবন্ধু ভট্টাচার্য। বেশ কয়েক দফা জেরা কর হয় তাঁকে। বিকেল পাঁচটা পর্যন্ত চলে তাঁকে জেরা। ৫টার পরে সিবিআইয়ের দফতর ছাড়েন তিনি। তবে সাংবাদিকদের সামনে জেরা নিয়ে কোনও কথা বলতে চাননি তিনি। তবে সাংবাদিকদের সামনে জেরা নিয়ে কোনও কথা বলতে চাননি তিনি। ওয়াকিবহাল মহলের মতে চিটফান্ড কাণ্ডে ফের পর হয়ে উঠেছে সিবিআই। বেশ কয়েকজন আধিকারিক তাদের জেরার মুখে পড়েছেন। এবার তাদের নিশানায় রাজ্যের প্রাক্তন আমলা এবং আইএএস অফিসার। (উল্লেখ্য, ২০১২-র মার্চ মাসে সরকারি অনুদানপ্রাপ্ত লাইব্রেরিগুলোয় কোনও কোনও সংবাদপত্র রাখা হবে, তা নিয়ে একটি নির্দেশিকা প্রকাশ করে রাজ্য সরকার।)

স্পেকটার্মের পক্ষ থেকে দ্বিতীয় ফটোগ্রাফি এক্সিবিশন গগণেন্দ্র প্রদর্শশালায়। উদ্বোধন করেন গায়ক অনিন্দ্য চট্টোপাধ্যায়, লেখক দেবেশ রায়।

অর্জুন ভট্টাচার্য-র বাংলা শর্ট ফিল্ম 'নষ্ট দীঘির পদ্ম'

স্টাফ রিপোর্টার: কলকাতা স্কুল অফ ড্রামায় বৃহস্পতিবার হয়ে গেল জলসা এন্টারটেনমেন্ট অ্যান্ড ফাইন আর্টস প্রযোজিত পরিচালক অর্জুন ভট্টাচার্য-র বহুচর্চিত বাংলা শর্ট ফিল্ম দীঘির পদ্ম-র স্ক্রিনিং। ৮ মিনিট ২০ সেকেন্ডের এই ছবিটি মূলত একটি মেয়ের স্বপ্ন বাঁচিয়ে রাখার গল্প। অভিনেত্রী হওয়ার স্বপ্ন নিয়ে কলকাতায় আসে পদ্ম। দিতে থাকে অডিশন। কিন্তু অডিশন চলে তার শরীরের। তাকে প্রতিনিয়ত করতে হয় কম্প্রোমাইজ। শুধুমাত্র ফিল্ম ইন্ডাস্ট্রি নয় সে দেখতে পায় কম্প্রোমাইজের চাহিদা ছড়িয়ে আছে সর্বত্র। একদিকে নিজের জীবনে ঘটে যাওয়া সত্যিকে আড়ালে রেখে সে টাকা পাঠায় তার মা-বাবাকে। অন্যদিকে ধীরে ধীরে সে অভ্যস্ত হয়ে ওঠে শরীরী আপোসে। হার না মেনে এই ভাবে চলতে থাকে পদ্মের স্বপ্ন টিকিয়ে রাখার লড়াই। ২২ সেপ্টেম্বর ইউটিউবে রিলিজ হয় এটি। ছবিতে সাহসী দৃশ্যে পদ্মের ভূমিকায় অভিনেত্রী টুম্পা নায়কে দর্শকদের মন জয় করেছেন। মূল ভাবনাচিন্তা অর্জুন ভট্টাচার্যর। ইতিমধ্যে ছবিটি হয়েছে প্রশংসিত এবং চর্চিত। এদিন ছবি সম্পর্কে পরিচালক অর্জুন ভট্টাচার্য জানান, খুবই ভাল লাগছে। দর্শকদের কাছে অনেক প্রশংসা পাচ্ছি, তারা সবাই আমাদের আশীর্বাদ করছেন। যারা অন্য মন্তব্য করছেন তাদের কাছ থেকেও আমরা শিখতে পাচ্ছি। এটাও লাইফের একটা পার্ট।

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
স্ট্রেইসড অ্যাসেট ম্যানেজমেন্ট ব্রাঞ্চ - II, মুম্বই

অনুমোদিত আধিকারিকের বিবরণী
শ্রী. গুণধর সাহা
Mobile No. 09619712118
Landline No. (office) :- 022-22040446

শাখার ঠিকানা: রাহেজা চেম্বারস্, প্রথম তল, ফ্রি প্রেস জানার্ল মার্গ, নির্মাণ পয়েন্ট, মুম্বই ৪০০ ০২১
Ph. No.: 022-22811402 **Fax:** 022-22811401,
E-mail ID: sbi. 15859@sbi.co.in

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

স্থাবর ও অস্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ব্যাঙ্কের তরফ থেকে দি সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেট অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ আইন অনুসারে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক নিম্নলিখিত সম্পত্তি দখল করেছেন সারফেসি আইন ১৩(৪) ধারা অনুসারে।
জন সাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, (সারফেসি আইন ২০০২-এর অন্তর্গত) উক্ত সম্পত্তি ব্যাঙ্কের তরফ থেকে বকেয়া অর্থ আদায় জন্য যেখানে যে ভিত্তিতে রয়েছে এবং যেখানে যে অবস্থায় রয়েছে তা নিম্নরূপ

দেনাদারের নাম	জামিনদারদের নাম	বকেয়া অর্থাঙ্ক পরিষদের জন্য সম্পত্তি বিক্রয় করা হচ্ছে
মেসার্স পিসিআই পেপার্স লিমিটেড - দেনাদার ডি-১, এমআইডিসি ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, মেলিগাঁও, সিন্নার, জেলা-নাসিক - ৪২২ ১০৩.	**১) শ্রী নরেন্দ্র কুমার হীরাওয়াত** (ডিরেক্টর ও জামিনদার) পি-৭১০, লেক টাউন, প্রেম দীপ বিল্ডিং, কলকাতা ৭০০ ০৮৯ **২) শ্রী প্রশান্ত কুমার ভট্টাচার্য** (ডিরেক্টর এবং জামিনদার) ৩৩-ও, কালিঘাট রোড, কলকাতা ৭০০ ০২৫ **৩) শ্রীমতী কনক দেবী বাগরিচা** (ডিরেক্টর এবং জামিনদার) ৭০-বি, রুশিয়া রোড, (পূর্ব) কলকাতা ৭০০ ০৩৩	**টাকা. ১৩,৭০,৭৮, ১০২.২১** (তেরো কোটি সত্তর লক্ষ আটাত্তর হাজার একশত দুই টাকা একুশ পয়সা মাত্র) ৩০.০৯.২০১৩ তারিখ পর্যন্ত এর সঙ্গে যুক্ত হবে সুদ যা কার্যকর হয়েছে ২৭.০৯.২০১৩ তারিখ থেকে এর সঙ্গে ব্যয় ও খরচ যুক্ত হবে। দাবি বিজ্ঞপ্তি তারিখ ৭.১০.২০১৩

দলিল গ্রাহকের নাম	সম্পত্তির বিস্তারিত বিবরণী	ই-নিলামে তারিখ ও স্থান	বিস্তারিত বিবরণী	বিবরণী অনুসারে যোগদানে চিঠি জমার দেওয়ার তারিখ ও সময়/কেওয়াইসি প্রমাণপত্র/ইএমডি প্রমাণপত্র ইত্যাদি
প্রশান্ত কুমার ভট্টাচার্য	সমস্ত জমির আয়তন ও পরিমাণ ৩০ কাটা ১১ ছটাক ৩৪ বর্গফুটের কম অথবা বেশি যা বাস্তু জমি এবং মৌজার আয়তন জেএলনং ২৯, আরএস নং ১৬৯,তৌজি নং ১০৯, হাল খতিয়ার নং ৪৭, সাবেক খতিয়ার নং ১৯৬, সাবেক দাগ নং ২১৬, হাল দাগ নং ২২৬, এডিএসআরও এবং থানা সোনারপুর জেলা দক্ষিণ ২৪ পরগনা পশ্চিমবঙ্গ	তারিখ: ২৫.১০.২০১৮ ৬০ মিনিট ১২.৩০ মিনিট থেকে ১.৩০ মিনিট পর্যন্ত যা এর সঙ্গে বর্ধিত সময় ৫ মিনিট প্রতি ক্ষেত্রে যুক্ত হবে।	**সংরক্ষিত মূল্য** টাকা. ৫৫,০০,০০০/- নিম্নে উক্ত সম্পত্তির বিক্রয় হবে না। **বায়নাকৃত অর্থাঙ্ক জমা (ইএমডি)** সংরক্ষিত মূল্যের ১০ শতাংশ অর্থাৎ টাকা. ৫, ৫০,০০০/- **বিড ইনক্রিমেন্ট অর্থাঙ্ক** টাকা. ১,০০,০০০/- **সম্পত্তির পর্যবেক্ষণের তারিখ** ১৯.১০.২০১৮	২৪.১০.২০১৮ তারিখে পূর্বে ও বিকেল পাঁচটার মধ্যে। সমস্ত নিলামকারীদের অনুরোধ করা হচ্ছে উক্ত তারিখের কেওয়াইসি তথ্যসহ জমা দিতে হবে শাখা অফিসে যা আপলোড করা যাবে ওয়েব সাইট **https:// www.bankeauctions.com.** নিলামকারীদের আনসেস্ট ডিপোজিট (ইএমডি) অর্থ জমা দিতে হবে যা **NEFT/RTGS** অনুকূলে প্রদেয় যার **অ্যাকাউন্টনং: ৩২৬০৮০৩৭২৪, অ্যাকাউন্ট নাম.: SBI SAMB II COLLECTION, Name of the Beneficiary : SBI SAMB II COLLECTION A/c, IFSC Code: SBIN0000300 or By way of Demand Draft in favour of SBI SAMB II COLLECTION A/C 32600800724, Mumbai Main Branch.**

গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য :
১) ই-অকশন বিস্তারিত আপলোড পাওয়া যাবে ওয়েব সাইট **https://www.bankeauction.com.**
২) সম্পত্তি পর্যবেক্ষণে তারিখ ও সময় **১৯.১০.২০১৮ তারিখে সকাল ১১টা থেকে দুপুর ২টো পর্যন্ত।**
পর্যবেক্ষণের বিষয়ে বিস্তারিত জানা যাবে অনুমোদিত আধিকারিক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এসএএমবি ২, মুম্বই।

ই-নিলাম বিক্রয়ের গুরুত্বপূর্ণ তথ্য ও শর্তাবলী :-
১. যেখানে যে ভিত্তিতে যে অবস্থানের উক্ত সম্পত্তি রয়েছে তা নিলাম করা হবে অনলাইন ভিত্তিতে। নিলামের বিষয়ের ব্যাঙ্কের তরফে পরিষেবা প্রদানকারী সংস্থা মেসার্স সিং ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, উদ্যোগ বিহার, ফেস ২, গলফ পেট্রোকেম বিল্ডিং, বিল্ডিং নং. ৩০১ গুরগাঁও হরিয়ানা, পিন. ১২০১৫ হেল্প লাইন নং. ৯১-১২৪-৪৩০ ২০২০/২১/২২/২৩/২৪ এবং ৯১-৯৮২১৬৯০৯৬৮ হেলপ লাইন ইমেল আইডি **support@bankeauctions.com.** ই- টেন্ডারের তথ্য, ই-নিলাম ফর্ম, ডিক্লিয়ারেশন এবং অন্যান্য শর্তাবলী পাওয়া যাবে ওয়েব সাইট **https://www.bankeauctions.com.**
২. অনুমোদিত অফিসার উক্ত তথ্য সম্পত্তির বিষয়ে তার জ্ঞান ও বিশ্বাস মতে প্রকাশ করেছেন নিলামকারীদের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, তারা উক্ত সম্পত্তির যথাযথভাবে পর্যবেক্ষণ করার পরে নিলামের দাবি/অধিকার/বকেয়া দাবির স্বপক্ষে নিলামের অংশগ্রহণ করবেন। ই-নিলামের এই বিজ্ঞাপনটি ব্যাঙ্কের তরফ থেকে প্রতিনিধিত্ব করা হচ্ছে যে, কিন্তু এর দাবির বিষয়ের যথাযথ দায়িত্ব গ্রহণ করে না। উক্ত সম্পত্তির ভবিষ্যতে ব্যাঙ্ক কোনও জানা অথবা অজানা ব্যক্তির কাছ থেকে কাছে বিক্রিয়ে হয়ে থাকলে তার দাবি গ্রহণ করবে না। অনুমোদিত আধিকারিক/সুরক্ষিত দেনাদার গণ তাদের দাবির স্বপক্ষে তৃতীয় পক্ষ হিসাবে দাবি জানাবেন।
উক্ত সম্পত্তির রুলস/শর্তাবলী অনুসারে সিকিউরিটাইজেশন এবং রি কনস্ট্রাশন অফ ফিনান্সিয়াল অ্যাসেট অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন অনুসারে।
অন্যান্য শর্তাবলী বিক্রয়ের বিষয়ে পাওয়া যাবে **https://www.bankeauctions.com.**

সারফেসি আইনের অন্তর্গত বিধিবদ্ধ বিক্রয়ের বিজ্ঞপ্তি ১৫ দিনের মধ্যে
দেনাদার/জামিনদারদের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, তথ্য সম্পত্তির নিলামের পূর্বে উক্ত অর্থাঙ্ক সুদ ও খরচ সহ প্রদান করে নিজের সম্পত্তির নিজেদের দায়িত্বে গ্রহণ করতে পারেন।
তারিখ: ০৪-১০-২০১৮ **অনুমোদিত আধিকারিক**
স্থান: মুম্বই **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**